কালের কণ্ঠ

তারিখ 25 OCT 2016
পৃষ্ঠা ২ কলাম ৩



রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে গতকাল প্রকৌশলী পরিবারের কৃতী সন্তানদের সংবর্ধনা অনুষ্ঠানে তাদের হাতে ক্রেস্ট তুলে দেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। ছবি : কালের কণ্ঠ

### অভিভাবকদের শিক্ষামন্ত্রী

# ক্লাসে ভালো করে পড়াতে শিক্ষকদের বাধ্য করুন

**নিজস্ব প্রতিবেদক ▷**

প্রাইভেটের বদলে শিক্ষার্থীদের ক্লাসে ভালো করে পড়াতে শিক্ষকদের ওপর চাপ প্রয়োগের আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। অভিভাবকদের উদ্দেশে তিনি বলেন, 'আপনারা ভালো ফলাফলের জন্য সন্তানদের শুধু প্রাইভেট টিউটর ও কোচিং সেন্টারে নিয়ে যান; কিন্তু কেন শিক্ষকদের চাপ দেন না? আমরা শিক্ষকদের বেতন দ্বিগুণ করেছি। আপনারা শিক্ষকদের ক্লাসে পড়াতে বাধ্য করেন।'

গতকাল সোমবার রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে প্রকৌশলী পরিবারের কৃতী সন্তানদের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (আইইবি) ঢাকা কেন্দ্র এ আয়োজন করে।

দেশ ও মানুষের কল্যাণে—এই মূলমন্ত্র নিয়ে দেশের বৃহৎ শিল্পপ্রতিষ্ঠান বসুন্ধরা গ্রুপ আইইবির বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডের সঙ্গে যুক্ত রয়েছে। এরই ধারাবাহিকতায় বসুন্ধরা গ্রুপের বসুন্ধরা সিমেন্ট এ অনুষ্ঠানে পৃষ্ঠপোষকতা করে। অনুষ্ঠানের প্রশংসা করে শিক্ষামন্ত্রী বলেন, 'এ আয়োজন খুবই মহৎ এবং ভবিষ্যতে এটা শিক্ষার্থীদের পথ চলতে বিরাট শক্তি জোগাবে।'

শিক্ষামন্ত্রী বলেন, 'আজকের প্রজন্মকে বিশ্বমানের শিক্ষায় শিক্ষিত করতে হবে। আধুনিক যুগের সঙ্গে তাল মিলিয়ে আমাদের আধুনিক পদ্ধতি প্রয়োগ করতে হয়। কিন্তু অভিভাবকরা ছেলেমেয়েদের এত ভালোবাসেন যে নতুন কিছু করলেই তাঁরা বাধা দেন। আমাদের ওপর আপনাদের আস্থা রাখতে হবে। আমরা সঠিক পথে নিয়ে যাব।'

শিক্ষার্থীদের সাহসী করে তুলতে হবে জানিয়ে মন্ত্রী বলেন, 'আমরা সেই চেষ্টা করছি, যাতে শিক্ষার্থীরা ভালোভাবে পড়ালেখা করতে পারে। আধুনিক জ্ঞান ও প্রযুক্তি আজকের দুনিয়ার সবচেয়ে বড় হাতিয়ার। এখন আমাদের হাতের নাগালেই প্রযুক্তি। শিক্ষার্থীদের বিশ্বমানের উপযোগী হিসেবে গড়ে তুলতে পারলে জগতের যেকোনো প্রতিযোগিতায় তারা টিকতে পারবে।' ছয়টি ক্যাটাগরিতে প্রাথমিক শিক্ষা সমাপনী, জুনিয়র স্কুল সার্টিফিকেট, এসএসসি, এইচএসসি, 'ও' লেভেল, 'এ' লেভেল উত্তীর্ণ প্রায় ৫৫০ জন শিক্ষার্থীকে সংবর্ধনা দেওয়া হয়। নির্বাচিতদের ক্রেস্ট ও সনদপত্র দেওয়া হয়। শুরুতে বঙ্গবন্ধুর জীবনী নিয়ে একটি ভিডিওচিত্র প্রদর্শন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বসুন্ধরা গ্রুপের বসুন্ধরা সিমেন্ট সেক্টরের হেড অব ডিভিশন (সেলস) খন্দকার কিংশুক হোসেন। আইইবির ঢাকা কেন্দ্রের চেয়ারম্যান প্রকৌশলী মেসবাহুর রহমান টুটুলের সভাপতিত্বে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী দেওয়ান মোহাম্মদ হানজালা, আইইবি ঢাকা কেন্দ্রের ভাইস চেয়ারম্যান প্রকৌশলী খায়রুল বাশার, প্রকৌশলী নজরুল ইসলাম, সম্মানী সম্পাদক প্রকৌশলী আমিনুর রশীদ চৌধুরী মাসুদ প্রমুখ।